

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৩০৬/২০১৩/৩৬২

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫
০৫ মার্চ ২০১৯

বিষয়: কারণ দর্শানোর নোটিশ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে Egaroshindur Travels Ltd (HL NO: 750), House-1, Main Road, Block-B, Banasree, Rampura, Dhaka-1219 এর মালিক/মোনাড্জেম হিসেবে দায়িত্ব পালন করেছেন;

০২। যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণ বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারবদ্ধ ছিলেন;


০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে মো. শরাফত আলী, কাহালু, বগুড়া এবং তাঁর পুত্র জনাব এম.আই.মো. বাকী বিল্যাহ, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর নিম্নরূপ অভিযোগ করেছেন:

“ অভিযোগকারী ২০১৭ সালে এগার সিন্দুর ট্রাভেল লি. (হ.লা. ৭৫০) এর মাধ্যমে তাদের স্থানীয় প্রতিনিধি জনাব আমির হামজা এর সহযোগিতায় প্রাক-নিবন্ধন সম্পন্ন করেন। এর কিছুদিন পর এগার সিন্দুর ট্রাভেল লি. (হ.লা. ৭৫০) এর প্রতিনিধি জানায় যে, হজে যাওয়ার সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে বলে টাকা জমা দেয়ার কথা বলে এবং সে অনুযায়ী হজে গমনেচ্ছু জনাব মো: শরাফত আলী ও লক্ষ ১৫ টাকা এগার সিন্দুর ট্রাভেল লি. (হ.লা. ৭৫০) এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মঞ্জিল এর হিসাব নথরে উত্তরা ব্রাঞ্চ, ইসলামিক ব্যাংক শাখা জমা দেন। তারপর এজেন্সির নিকট জানতে চাওয়া হলে তিনি জানান যে, সবকিছু টিক আছে এবং সব কাজ সম্পন্ন হয়েছে। কিন্তু হজযাত্রীর পিআইডি আসলেও এ সংক্রান্ত কোন ম্যাসেজ আসেনি। বিষয়টি ফোন করে জানতে চাওয়া হলে তিনি জানান যে প্রাক-নিবন্ধন ছাড়া কাজই সম্পন্ন হয়নি। টাকা ফেরৎ দেয়ার কথা বলে। দ্বিতীয় রিপ্লেসমেন্ট উক্ত এজেন্সি আরও টাকা দাবী করেন এবং সৌদি আরব থেকে হজ শেষে নিজে নিজে আসতে হবে। আজ পর্যন্ত কোন টাকা এবং পাসপোর্ট ফেরত পাননি”

০৪। যেহেতু Egaroshindur Travels Ltd (HL NO: 750), এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমানিত হয়েছে;

০৫। যেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ এর ২৩.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৬। সেহেতু কেন আপনার পরিচালিত Egaroshindur Travels Ltd (HL NO: 750) এজেন্সির বিরুদ্ধে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ এর ২৩.২ এ বর্ণিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) দিনের মধ্যে আপনি নিজে অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে লিখিতভাবে দাখিল করা এবং অভিযোগকারীর টাকা ও পাসপোর্ট ফেরৎ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মো. ছিব্বির আহমদ উছমানী
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৪৩২২

e-mail: morahajsection@gmail.com

ইঞ্জিনিয়ার মো. মীর হোসেন

সভাপতি/চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার

Egaroshindur Travels Ltd (HL NO: 750)

House-1, Main Road, Block-B, Banasree, Rampura, Dhaka-1219

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৩০৬/২০১৩/৩৬২

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫
০৫ মার্চ ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৩. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৮. অফিস কপি।

মো. ছিব্বির আহমদ উছমানী
সিনিয়র সহকারী সচিব